

# আসুন "গোসলের সময়কে" "কথা বলার সময়ে" পরিণত করি!

কাপড় ধোয়ার জায়গা কেবল কাপড় ধোয়ার জন্য নয়! আপনি সেখানে কথা বলতে, পড়তে বা গাইতেও পারেন!

আপনি কি জানতেন? আপনার সন্তানের সাথে কথা বলা, পড়া এবং গান গাওয়ার মতো সাধারণ কাজগুলো-শুরু থেকেই-তাদের মন্তিকের বিকাশ ঘটাতে পারে এবং স্কুলে ও তার পরবর্তী জীবনের জন্যও তাকে প্রস্তুত করে তুলতে পারে

তাই খাবারের সময়, গোসলের সময়, খেলার সময় এবং এমনকি কাপড় কাঁচার সময়ও - এই সব দৈনন্দিন মুহূর্তগুলোকে "কথা বলার সময়ে" পরিণত করে সময়গুলোকে উপভোগ করুন! কাপড় ধোওয়ার প্রতিটি ধাপে আপনি কীভাবে কথা বলতে, পড়তে এবং গাইতে পারেন সে সম্পর্কে এখানে কিছু ধারণা রয়েছে!



## ধোওয়ার সময়

আমি যা দেখি তা খুঁজে বের করা খেলুন! আপনার যে সব জামাকাপড় ধূলু হবে সেগুলো ওয়াশারের ভেতরে দিতে পালাক্রমে খুঁজে বের করার জন্য সময় নিন। "আমি-দেখি তোমার ছেট্ট মীল নরম জামাটা।"

এক সঙ্গে পড়ুন। কথাগুলো কাপড় কাচার জায়গার চারপাশের জিনিসগুলোকে ধিরে-এমনকি পোশাকের লেবেল এবং মেশিনকে নিয়েও হতে পারে! সেগুলোকে আঙুল দিয়ে নির্দেশ করে এক সঙ্গে মজা করুন। আপনি বলতে পারেন, "আমার শার্টের ট্যাগে লেখা ঠান্ডা পানিতে ধুয়ে ফেলো। তাই আমি ওয়াশারের নবাচি (পানির কলের মুখটি) ঠান্ডা পানির দিকে দিছি। তোমার জামাকাপড়ের ট্যাগে কী লেখা এবং কীভাবে আমরা তোমার কাপড় ধুবো?"

সাবানের বুদ্ধি নিয়ে কথা বলুন! আপনি বলতে পারেন, "আসো ওয়াশারে সাবানের বুদ্ধি খুঁজে দেখি! সেগুলো কীভাবে ঘুরে বেড়াচ্ছে? সেগুলো একিক ওদিক ঘুরে বেড়াচ্ছে!"

## কাপড় শুকানোর সময়

রঙ সম্পর্কে কথা বলুন। আপনি চারপাশে যে রঙগুলো দেখতে পান সেগুলোর নাম বলুন। আপনি জিজ্ঞাসা করতে পারেন, 'আমার মোজার রঙ কী? তোমারগুলো কী রঙের?' আপনি রঙ বর্ণনা করতে উজ্জ্বল বা গাঢ় শব্দ ব্যবহার করতে পারেন।

আকৃতি খুঁজে বের করা খেলুন! দেখানের চারপাশে বিভিন্ন আকৃতি খুঁজে বের করুন। জিজ্ঞাসা করুন, "ড্রায়ারের আকৃতি কেমন?"

এক সঙ্গে গুনতে পারেন। আপনি ওয়াশার, ড্রায়ারগুলো গুনতে পারেন অথবা আপনার যে পয়সাগুলো মেশিনে দেওয়া প্রয়োজন সেগুলোর সংখ্যা বড় শিশুরা গুনতে পারবে।

গান করুন! আপনার প্রিয় গান করুন বা লক্ষ্মোর্যাটে এক সঙ্গে থাকার বিষয়ে একটি মজার গান তৈরি করুন। হাততালি, টোকা দিন, পা দাপানো, বা গানের সাথে নাচুন।

## কাপড় ভাঁজ করার সময়

টুকি-বাত লুকোচুরি খেলুন আপনার শিশুর মুখ দেকে বলুন, "কোথায় (শিশুর নাম)? তারপর বলুন, "এই তো তুমি এখানে!"

এটা দেখতে কেমন এবং কেমন লাগছে? প্রতিটা পোশাক দেখতে এবং ছুঁয়ে দেখতে কেমন লাগে তা বর্ণনা করতে পালাক্রমে শব্দ ব্যবহার করুন!

একটি জোড়া খুঁজুন! সংখ্যা সম্পর্কে কথা বলুন এবং জোড়াজাতীয় গণিত শব্দ ব্যবহার করুন। আপনি বলতে পারেন, "চলো এক জোড়া মোজা খুঁজে বের করি। জোড়া মানে দুটো জিনিস যা মিলে যায়।"

একটি বাছাই করার খেলা খেলুন। আপনি বলতে পারেন, "তুমি কী হাফপ্যাট, শার্ট, মোজা এবং জামার মতো বিভিন্ন ধরণের কাপড়ের স্তপ তৈরি করতে পারো? সবগুলো মোজা এখানে যাবে এবং সবগুলো শার্ট এখানে যাবে।"



লক্ষ্মোর্যাটে আপনার কথা শেয়ার করুন, পড়ুন, গান করুন!  
#ধোওয়ার সময় কথা বলার সময় (#ওয়াশটাইমটকটাইম)  
আরও ধারণা পেতে দেখুন TALKINGISTEACHING.ORG

SMALL  
TO FAIL

কথা  
পড়া  
গান  
TALKING IS TEACHING.ORG